

ঢাকা বিজ্ঞান ইউনিটের ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৪ মার্চ, ২০২৫ ২১:৪২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

সোমবার (২৪ মার্চ) রাত ৮টার দিকে এই ফলাফল প্রকাশিত হয়।

এই ইউনিটে বিজ্ঞান শাখা থেকে প্রথম হয়েছে নটরডেম কলেজের শিক্ষার্থী মাহমুদুল হাসান ওয়াসিফ। তার সর্বমোট প্রাপ্ত নম্বর ১১০।

বাণিজ্য শাখায় প্রথম হয়েছেন নরসিংদী সরকারি কলেজের মো. সাজিত মিয়া। তার প্রাপ্ত নম্বর ৯৩.৮৮। মানবিক শাখা থেকে প্রথম হয়েছেন হলিক্রস কলেজের শিক্ষার্থী তাবাসসুম তিথি। তার মোট প্রাপ্ত নম্বর ১০৮.৫।

এ বছর 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষায় ১ লাখ ২০ হাজার ৪শ' ৮৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এই ইউনিটে ৭ হাজার ৪শ' ৩৭ জন শিক্ষার্থী পাস করেছে। এর মধ্যে বিজ্ঞান শাখায় ৬ হাজার ৯শ' ২২ জন, মানবিক শাখায় ৩শ' ৯৩ জন এবং ব্যবসায় শিক্ষা শাখায় ১শ' ২২ জন পাস করেছে। পাসের হার ৫.৯৩%।

এই ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ১ হাজার ৮শ' ৯৬টি। এর মধ্যে বিজ্ঞান শাখার জন্য ১ হাজার ৮শ' ২০টি, মানবিক শাখার জন্য ৫১টি এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২৫টি আসন রয়েছে।

ফলাফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, টেলিটক, রবি, এয়ারটেল ও বাংলালিংক মোবাইল নম্বর থেকে DU SCI <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS -এ ফলাফল জানা যাবে।

বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের আগামী ২৫ মার্চ বিকাল ৩টা থেকে ১৬ এপ্রিল তারিখ পর্যন্ত বিভাগ নির্বাচনের জন্য ভর্তি পরীক্ষার ওয়েব সাইটে (<https://admission.eis.du.ac.bd>) লগইন করে বিস্তারিত তথ্যের ফরম ও বিষয়ের পছন্দক্রম পূরণ করতে হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষার কোঅর্ডিনেটর অধ্যাপক ড. আবদুস সালাম।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ফলাফল নিরীক্ষণের জন্য আগামী ৬ এপ্রিল থেকে ১০ এপ্রিল পর্যন্ত অফিস চলাকালীন সময়ে এক হাজার টাকা ব্যাংকে জমা দিয়ে পুনঃনিরীক্ষার নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপিসহ বিজ্ঞান অনুষদ অফিসে আবেদন জমা দিতে হবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা কোটা সুবিধা প্রাপ্তির যোগ্য তাদেরকে আগামী ১৩ এপ্রিল থেকে ১৭ এপ্রিল পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ৩০০ টাকা ব্যাংকে জমা দিয়ে কোটার ফরম সংগ্রহ করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ও বিষয় পছন্দক্রম পূরণকৃত ফরম ডাউন লোড করে বিজ্ঞান অনুষদ অফিসে আবেদন জমা দিতে হবে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

